অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/22/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল বুধবার বিকাল থেকে বৃহস্পতিবার পর্যন্ত তীব্র বজ্রঝড়ের জন্য প্রস্তুত হওয়ার উদ্দেশ্যে নিউ ইয়র্কবাসীদের আহ্বান জানিয়েছেন

ওয়েস্টার্ন নিউ ইয়র্ক, ফিঙ্গার লেকস, সাউদার্ন টিয়ার, এবং সেন্ট্রাল নিউ ইয়র্ক অঞ্চলের কিছু অংশ বুধবার বিকেল থেকে শুরু করে তীব্র বজ্রঝড়ের সম্মুখীন হওয়ার বর্ধিত ঝুঁকির মধ্যে রয়েছে যার মধ্যে কিছু ঝড়ের সাথে ভারী বৃষ্টিপাত, ভারী শিলা বর্ষণ, এবং বিপজ্জনক দমকা হাওয়ার সম্ভাবনা রয়েছে

সাউদার্ন টিয়ারের বিভিন্ন এলাকায় ঘণ্টায় 2-3 ইঞ্চি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে

নিম্ন অঞ্চলে এবং যেসব অঞ্চলে পানি নিষ্কাশনের ব্যবস্থা উন্নত নয় সেখানে বৃষ্টিপাতের কয়েক ঘণ্টা পরে অকস্মাৎ বন্যা হতে পারে

পরিবর্তনশীল আবহাওয়ার প্রতি নজর রাখতে এবং বিশেষ করে বুধবার সন্ধ্যায় যাতায়াতের সময় সাবধানতা অবলম্বন করতে নিউ ইয়র্কবাসীদের প্রতি অনুরোধ জানানো হয়েছে

গভর্নর ক্যাথি হোকল বুধবার বিকাল থেকে শুরু করে আপস্টেট নিউ ইয়র্কে সম্ভাব্য চরম আবহাওয়ার জন্য প্রস্তুত থাকার জন্য নিউ ইয়র্কবাসীদের আহ্বান জানিয়েছেন। এই আবহাওয়া ব্যবস্থা ভারী বৃষ্টিপাত এবং বজ্রঝড় নিয়ে আসার কথা যা ওয়েস্টার্ন নিউ ইয়র্ক, ফিঙ্গার লেকস, এবং সেন্ট্রাল নিউ ইয়র্ক অঞ্চলের কিছু অংশকে বিশেষ করে সাউদার্ন টিয়ারকে প্রভাবিত করবে, যেখানে প্রতি ঘণ্টায় 2-3 ইঞ্চি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। এই ঝড়গুলি কেবল কয়েক দফা ভারী বর্ষণই নয়, বরং, 1" ইঞ্চি পর্যন্ত শিলা পাত, দমকা হাওয়া বয়ে আনতে পারে, কিন্তু ঝড়ের গতি কম হওয়ার কারণে, নিম্ন অঞ্চলে এবং যেসব অঞ্চলে পানি নিষ্কাশনের ব্যবস্থা উন্নত নয় সেখানে বৃষ্টিপাতের কয়েক ঘণ্টা পরে অকস্মাৎ বন্যা হতে পারে।

যদি আগামী 24 ঘণ্টার মধ্যে প্রভাবিত অঞ্চলে যাতায়াত করা হয় তাহলে নিউ ইয়র্কবাসীদের গুরুতর সতর্কতা অবলম্বন করতে এবং স্থানীয় আবহাওয়ার পূর্বাভাসের দিকে গভীর নজর রাখতে আহ্বান করা হচ্ছে।

"ভারী বর্ষণ, দমকা হাওয়া এবং শিলা বর্ষণের একটি মিশ্র প্রতিকূল আবহাওয়া আজ থেকে শুরু করে স্টেটে আঘাত হানবে এবং রাতভর চলবে, যার ফলে বিভিন্ন এলাকায় অকস্মাৎ বন্যা হতে পারে," **গভর্নর হোকল বলেন।** "আমি চাই নিউ ইয়র্কবাসীরা ভারী বর্ষণের জন্য প্রস্তুতি নিক যখন আমাদের স্টেট এজেন্সিগুলি আবহাওয়ার পূর্বাভাস পর্যবেক্ষণ করছে এবং প্রয়োজনে আমাদের সহ নিউ ইয়র্কবাসীদের সহায়তা করার জন্য প্রস্তুত আছে।"

ইতোমধ্যে, জাতীয় আবহাওয়া পরিষেবা কাইয়ুগা, শেমাং, ওন্টারিও, স্কুইলার, সেনেকা, স্টিউবেন, টিওগা, টম্পকিন্স, ওয়েইন এবং ইয়েটস কাউন্টি সমূহে বুধবারের রাত থেকে বন্যা পর্যবেক্ষণ শুরু করেছে। পর্যবেক্ষণের আওতায় থাকা এলাকায় কয়েক দফা বজ্রঝড় হতে পারে এবং যার প্রত্যেকে 1-3 ইঞ্চি পর্যন্ত বৃষ্টিপাত ঘটাতে পারে। ঝড়ের অতি বর্ষণের ফলে নদী, খাল, ঝর্ণা এবং অন্যান্য নিম্ন এবং বন্যা প্রবণ অঞ্চলে বন্যার সৃষ্টি করতে পারে।

আবহাওয়া সংক্রান্ত সতর্কতা ও পূর্বাভাসের একটি পূর্ণাঙ্গ তালিকার জন্য জাতীয় আবহাওয়া পরিষেবার (National Weather Service) ওয়েবসাইট দেখুন। নিউ ইয়র্কবাসীদের https://alert.ny.gov থেকে NY অ্যালার্টে (NY Alert) সাবস্ক্রাইব করে জরুরি সতর্কতার জন্য সাইন আপ করতে উৎসাহিত করা যাচ্ছে, এটি একটি বিনামূল্যে প্রদত্ত সেবা যা আপনার সেল ফোন বা কম্পিউটারে অতি গুরুত্বপূর্ণ জরুরি তথ্য প্রদান করে।

স্টেটের হোমল্যান্ড সিকিউরিটি ও ইমার্জেন্সি সার্ভিসেস ডিভিশনের (State Division of Homeland Security and Emergency Services, DHSES) কমিশনার জ্যাকি ব্রে বলেন, "এই ঝড়টি খুব অল্প সময়ের মধ্যে ভারী বৃষ্টিপাত ঘটাতে পারে। নিউ ইয়র্কবাসীদের, বিশেষ করে সাউদার্ন টিয়ারবাসীদের প্রস্তুত থাকতে হবে। এই ঘটনাগুলিতে অকস্মাৎ বন্যা একটি গুরুতর হুমকি, তাই আপনি যদি বন্যা পর্যবেক্ষণের আওতায় থাকা কোনও অঞ্চলে থাকেন, তাহলে সতর্ক থাকুন, যদি নিরাপদ হয় তাহলে আপনার প্রতিবেশী এবং পরিজনের খবর নিন এবং মনে রাখবেন -- কখনো বন্যায় ভেসে যাওয়া রাস্তায় গাড়ি চালাবেন না।"

এজেন্সির প্রস্তুতি

স্বদেশের নিরাপত্তা ও জরুরী পরিষেবা বিভাগ (Division of Homeland Security and Emergency Services)

নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেসের জরুরি কার্যক্রম পরিচালনা কেন্দ্র আবহাওয়া ও ভ্রমণের অবস্থা পর্যবেক্ষণ করছে এবং সাড়াদান কার্যক্রমের ক্ষেত্রে স্থানীয় সরকারগুলোর সাথে সমন্বয় রক্ষা করবে। পাম্প, চেইন স, বালির বস্তা জেনারেটর, খাট, কম্বল ও বোতলজাত পানিসহ ঝড়-সংক্রান্ত প্রয়োজনীয় সংস্থান প্রয়োজনে ক্ষতিগ্রস্ত লোকজনের কাছে পৌঁছে দিতে স্টেটের মজুদ প্রস্তুত রয়েছে।

পরিবহন বিভাগ

স্টেটের পরিবহন ডিপার্টমেন্ট (Department of Transportation, DOT) 3,370 সুপারভাইজার এবং অপারেটর নিয়ে সাড়াদান করতে প্রস্তুত আছে। সকল মাঠ পর্যায়ের কর্মীরা সম্পূর্ণভাবে নিযুক্ত হতে ও সাড়া দিতে তৈরি আছে।কর্মীদের প্রয়োজনীয় যেকোনও ধরনের সাড়াদান দল

হিসেবে গঠন করা যাবে (বন্যার সাড়াদান, চিপার, ভরা ও টানা, সিউয়ার জেট, কাটা ও ফেলা, ট্র্যাফিক সিগন্যাল, ইত্যাদি)। স্টেট ব্যাপী থাকা ইকুইপমেন্টের সংখ্যা নিম্নোক্তানুসারে:

- 1,616টি বড় ডাম্প ট্রাক
- 317টি বিশাল লোডার
- 87টি ট্র্যাক করা এবং চাকাযুক্ত এক্সক্যাভেটর
- 77টি চিপার
- 20টি গ্রেডার
- 43টি সুইপার
- 7টি সিউয়ার জেট সহ ভ্যাকুম ট্রাক
- 15টি ট্রি ক্রু বাকেট ট্রাক

থ্রুওয়ে কর্তৃপক্ষ

থ্রুওয়ে অথোরিটি (Thruway Authority) ঝড়ো বাতাস বা বন্যা সংক্রান্ত যেকোনো পরিস্থিতি মোকাবেলায় স্টেটজুড়ে 632 জন অপারেটর ও সুপারভাইজারকে, ছোট থেকে মাঝারি আকারের এক্সক্যাভেটর, প্লাও/ডাম্প ট্রাক, বড় লোডার এবং বেশ কিছু বহনযোগ্য ভ্যারিয়েবল মেসেজ সাইন (Variable Message Signs, VMS) বোর্ড, বহনযোগ্য লাইট টাওয়ার, ছোট জেনারেটর, ছোট পাম্প ও সরঞ্জাম টানার ট্রেলার এবং সেই সাথে যেকোনও ধরনের পথ ঘোরানো বা বন্ধের জন্য ট্রাফিক সাইন ও অন্যান্য ট্রাফিক নিয়ন্ত্রণ যন্ত্র নিয়ে প্রস্তুত আছে। থ্রুওয়েতে মোটরচালকদের সতর্ক করতে বিভিন্ন রকমের বার্তার চিহ্ন, হাইওয়ে সতর্কতা রেডিও এবং সোশ্যাল মিডিয়া ব্যবহার করা হয়।

স্টেট ব্যাপী থাকা ইকুইপমেন্টের সংখ্যা নিম্নোক্তানুসারে:

- 360টি বড় ও ছোট ডাম্প ট্রাক
- 62টি লোডার
- 34টি ট্রেইলার
- 5টি ভ্যাক ট্রাক
- 16টি এক্সক্যাভেটর
- 9টি ব্রাশ চিপার্স
- 99টি চেইন স
- 19টি এরিয়াল ট্রাক
- 22টি স্কিড স্টিয়ার
- 84টি বহনযোগ্য জেনারেটর
- 68টি বহনযোগ্য লাইট ইউনিট

থ্রুওয়ে অথরিটির মোবাইল অ্যাপ বিনামূল্যে ডাউনলোড করতে মোটোরিস্টদের উৎসাহ দেওয়া হচ্ছে, যা আইফোন এবং অ্যান্ড্রয়েড ডিভাইসের জন্য পাওয়া যায়। অ্যাপের মাধ্যমে মোটরিস্টরা রাস্তায় থাকার সময় লাইভ ট্রাফিক ক্যামেরা, রিয়েল-টাইম তথ্য ও নেভিগেশন সংক্রান্ত

সহায়তায় সরাসরি অ্যাক্সেস পাবেন। এছাড়া মোটরিস্টরা ট্রান্সঅ্যালার্টের ই-মেলের জন্য সাইন আপ করতে পারেন, যা থেকে থ্রুওয়েতে সর্বশেষ ট্রাফিক আপডেট পাওয়া যাবে, @ThruwayTraffic Twitter-এ ফলো করুন এবং thruway.ny.gov এ যান যাতে থ্রুওয়ে এবং নিউ ইয়র্ক স্টেটের অন্যান্য রোডওয়েজের জন্য ইন্টারঅ্যাক্টিভ ম্যাপের মাধ্যমে ট্রাফিকের অবস্থা জানা যায়।

পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation)
DEC পরিবেশ সংরক্ষণ পুলিশ অফিসার, ফরেস্ট রেঞ্জার্স, আপৎকালীন ম্যানেজমেন্ট স্টাফ এবং আঞ্চলিক স্টাফরা সতর্ক থাকবেন এবং পরিবর্তিত পরিস্থিতিতে নজর রাখবেন এবং খারাপ আবহাওয়ার দরুন ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা রয়েছে এরকম এরিয়া এবং অবকাঠামোগুলিতে তারা টহলদারি চালাবেন। সকল উপলভ্য সম্পদ যেকোনও জরুরি পরিস্থিতি মোকাবেলায় সহায়তা করতে প্রস্তুত রয়েছে।

পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ দপ্তর (Office of Parks, Recreation and Historic Preservation)
নিউ ইয়র্ক স্টেট পার্ক পুলিশ এবং পার্কের পার্সোনেলরা সতর্ক আছে এবং আবহাওয়া পরিস্থিতি এবং তার পরিণামের উপর কড়া নজর রাখছেন। পার্কে গমনকারীদের parks.ny.gov ওয়েবসাইট চেক করা উচিত অথবা পার্কের সময়, খোলা ও বন্ধের ব্যাপারে সর্বশেষ তথ্যের জন্য তাদের স্থানীয় পার্ক অফিসে কল করা উচিত।

নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি (New York Power Authority, NYPA) / ক্যানাল কর্পোরেশন (Canal Corporation)
নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি এবং নিউ ইয়র্ক স্টেট ক্যানাল কর্পোরেশন পরিস্থিতি পর্যবেক্ষণ করছে এবং আসন্ন আবহাওয়া পরিস্থিতির জন্য সমস্ত সম্পদগুলিকে প্রস্তুত করছে। NYPA এবং ক্যানালসের প্রতিনিধিরা প্রয়োজন অনুসারে স্টেট, কাউন্টি এবং স্থানীয় জরুরি কর্মীদের সাথে ঘনিষ্ঠ যোগাযোগে রয়েছেন। প্রয়োজনে NYPA ট্রান্সমিশন এবং অন্যান্য কর্মীদের সহায়তা করতে পাঠানোর জন্য NYPA প্রস্তুত রয়েছে। ক্যানাল কর্পোরেশন নোটিশ টু মেরিনার্স অ্যালার্টের মাধ্যমে জনসাধারণকে প্রয়োজন অনুযায়ী আপডেট করবে। জনসাধারণের সদস্যরা ক্যানাল কর্পোরেশন ওয়েবসাইটে এই নোটিশগুলি পেতে সাইন আপ করতে পারেন।

জনসেবা বিভাগ (Department of Public Service)
এই ঘটনার জন্য নিউ ইয়র্ক স্টেটজুড়ে ক্ষয়ক্ষতি মূল্যায়ন, সাড়া প্রদান, মেরামত ও পুনর্বহাল কার্যক্রম পরিচালনার জন্য নিউ ইয়র্কের ইউটিলিটি এজেন্সিগুলোতে প্রায় 5,500 জন কর্মী রয়েছে। এজেন্সির কর্মীরা পুরো সময় ইউটিলিটিগুলির কার্যক্রমের উপর নজর রাখবে এবং সবথেকে বেশি প্রভাবিত হতে পারে বলে ধারণা করা এলাকাগুলোতে ইউটিলিটি এজেন্সিগুলোর পর্যাপ্ত কর্মী নিয়োগের বিষয়টি নিশ্চিত করবে।

নিউ ইয়র্ক স্টেট পুলিশ
স্টেট পুলিশ (State Police) ক্ষতিগ্রস্ত এলাকাগুলিতে প্রয়োজন অনুযায়ী অতিরিক্ত ট্রুপার মোতায়েন করতে প্রস্তুত। চার চাকার যানবাহন, এবং ইউটিলিটি টাস্ক যানবাহন সহ বিশেষভাবে

তৈরি স্টেট পুলিশের সমস্ত গাড়ী অবিলম্বে সহায়তার জন্য তৈরি এবং প্রস্তুত রয়েছে। সকল ট্রুপ, জরুরি শক্তি এবং যোগাযোগ সরঞ্জাম পরীক্ষা করা হয়েছে।

তীব্র আবহাওয়ার নিরাপত্তা পরামর্শ

প্রস্তুতি

- আপনি যেখানে বসবাস করেন সেখানের কাউন্টি এবং নিকটবর্তী শহরগুলির নাম জানুন। গুরুতর আবহাওয়ার সতর্কতা কাউন্টির ভিত্তিতে জারি করা হয়।
- আপনাকে তাড়াতাড়ি চলে যেতে হতে পারে তাই আপনার বাড়ির বা ব্যবসা থেকে উঁচু, নিরাপদ স্থানে যাওয়ার নিরাপদতম রুটটি জেনে রাখুন।
- একটি 'পরিবার নিয়ে পলায়ন' পরিকল্পনা গঠন এবং অনুশীলন করুন এবং পরিবারের সদস্যরা পৃথক হয়ে গেলে একটি দেখা করার স্থান সনাক্ত করে রাখুন।
- আসবাব, পোশাক এবং অন্যান্য ব্যক্তিগত সম্পত্তি সহ সমস্ত মূল্যবান জিনিসগুলির একটি আইটেমকৃত তালিকা তৈরি করুন। একটি নিরাপদ স্থানে তালিকাটি রাখুন।
- ক্যানের খাবার, ঔষধ এবং ফার্স্ট এইড সরবরাহ ও খাওয়ার পানির জরুরি সরবরাহ বেশি করে জমা করুন। পরিষ্কার, বন্ধ পাত্রে পানীয় জল সংরক্ষণ করুন।
- আপনার পোষা প্রাণী নিয়ে কী করবেন পরিকল্পনা করে রাখুন।
- একটি পোর্টেবল রেডিও, ফ্ল্যাশলাইট, অতিরিক্ত ব্যাটারি এবং জরুরি রান্নার সরঞ্জাম হাতের কাছে রাখুন।
- আপনার যানবাহনে জ্বালানি ভরে বা চার্জ দিয়ে রাখুন। যদি বিদ্যুৎ সরবরাহ বিচ্ছিন্ন হয়, তাহলে পেট্রোল স্টেশনগুলি বেশ কয়েক দিন জ্বালানি পাম্প করতে নাও পারে। আপনার গাড়ির ট্রাঙ্কে একটি ছোট দুর্যোগ সরবরাহ কিট রাখুন।
- দুর্যোগকালীন অত্যাবশ্যক সামগ্রীগুলি নাগালের মধ্যে রাখুন, যার মধ্যে রয়েছে:
    - -ফ্ল্যাশ এবং অতিরিক্ত ব্যাটার
    - -ব্যাটারি চালিত রেডিও এবং অতিরিক্ত ব্যাটারি
    - -ফার্স্ট এইড কিট এবং ম্যানুয়াল
    - -জরুরি খাদ্য এবং পানি
    - -অ-বৈদ্যুতিক ক্যান ওপেনার
    - -অত্যাবশ্যক ঔষধ
    - -চেকবুক, নগদ, ক্রেডিট কার্ড, ATM কার্ড

হঠাৎ বন্যা

- বন্যায় ডুবে যাওয়া রাস্তা দিয়ে গাড়ি চালিয়ে যাওয়ার চেষ্টা করবেন না। গাড়ি ঘোরান এবং অন্য রাস্তা দিয়ে যান।
- যদি আপনার গাড়ির চারপাশে দ্রুত পানি বাড়তে থাকে, তাহলে অবিলম্বে যান পরিত্যাগ করুন।
- দ্রুত গতিতে বয়ে চলা পানির ক্ষমতাকে অগ্রাহ্য করবেন না। দ্রুত গতিতে বয়ে চলা দুই ফুট উচ্চতার পানিতে আপনার গাড়ি ভাসিয়ে নিবে এবং দুই মাইল বেগে বয়ে চলা পানি আপনার গাড়িকে রাস্তা বা ব্রিজ থেকে টেনে নিয়ে যাবে।

বজ্রপাত

- 30-30 নিয়ম অনুসরণ করুন: যদি আপনার বিদ্যুৎ চমকাতে দেখার এবং বজ্রপাতের শব্দ শোনার মধ্যকার সময়ের ব্যবধান 30 সেকেন্ড বা তার কম হয় তাহলে সেই বজ্রপাত আপনাকে আঘাত করার মতো কাছাকাছি দূরত্বে রয়েছে। অবিলম্বে আশ্রয় গ্রহণ করুন। শেষ বিদ্যুৎ চমকানোর পর, আপনার আশ্রয় ত্যাগ করার পূর্বে 30 মিনিট অপেক্ষা করুন।
- বজ্রপাত সবথেকে লম্বা বস্তুকে আঘাত করে। আপনি যদি একটি গাছের লাইনের উপরে থাকেন, দ্রুত তার নিচে যান এবং আপনি একটি খোলা স্থানে থাকলে নিচু হয়ে বসুন।
- আপনি যদি একটি আশ্রয়কেন্দ্রে না যেতে পারেন, গাছ থেকে দূরে থাকুন। কোনও আশ্রয় না থাকলে, খোলা স্থানে নিচু হয়ে বসুন, কোনও গাছ যত লম্বা তার দ্বিগুণ দূরে থাকুন।

নিরাপত্তা সংক্রান্ত আরো পরামর্শের জন্য নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস এর নিরাপত্তা পরামর্শ সংক্রান্ত ওয়েবপেইজ www.dhses.ny.gov/safety দেখুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418